

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd



স্মারক নং-৫৭.০৩.০০০০.০১৬.২৫.০১৭.২৩ (পার্ট-২)-৬৪১৩

তারিখঃ ২২/১১/২০২৩ খ্রি.

বিষয়: ভারত সরকারের Indian Technical and Economic Cooperation (ITEC) প্রোগ্রামের অধীনে ডিসেম্বর-২০২৩ হতে মার্চ-২৪ মেয়াদে বিভিন্ন কোর্সে প্রশিক্ষার্থী মনোনয়ন প্রসঙ্গে

সূত্র: ভারতীয় হাই কমিশনের পত্র নং: DAC/E&C/233/01/2023, তারিখ: ১৫/১১/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভারতীয় হাই কমিশন হতে Indian Technical and Economic Cooperation (ITEC) প্রোগ্রামের অধীনে ডিসেম্বর-২০২৩ হতে মার্চ-২০২৪ মেয়াদে অনুষ্ঠিতব্য স্বল্প মেয়াদী বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদন করার অনুরোধ জানানো হয়েছে (কপি সংযুক্ত)। উল্লেখ্য, প্রশিক্ষণে অংশগ্রহণকারীর কোর্স ফি, বিমান ভাড়া, থাকা-খাওয়াসহ ট্রেনিং প্রোগ্রামের সম্পূর্ণ খরচ ভারত সরকার কর্তৃক বহন করা হবে। এতে বাংলাদেশ সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না।

২। উল্লেখ্য, বর্ণিত প্রশিক্ষণে আবেদনের জন্য প্রার্থীদের নিম্নবর্ণিত শর্তসমূহ পূরণ করতে হবে:

- প্রার্থীর বয়স ২৫-৪৫ এর মধ্যে হতে হবে;
- সরকারি/পাবলিক সেক্টর/বিশ্ববিদ্যালয়/চেম্বার অব কমার্স ইন্ডাস্ট্রিতে কর্মরত হতে হবে;
- চাকরিকাল ০৫ (পাঁচ) বছর পূর্তি হতে হবে;
- ইংরেজিতে পারদর্শী হতে হবে।

৩। এছাড়াও, প্রার্থীকে তার আবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

- অফিসিয়াল পাসপোর্টের কপি;
- স্বাস্থ্যগত সনদপত্র (মিশন কর্তৃক নির্ধারিত হাসপাতালসমূহ: এ্যাপোলো/ইউনাইটেড/বনানী হাসপাতাল অথবা যে কোন সরকারি হাসপাতালের প্যানেল ডক্টর কর্তৃক প্রদত্ত হতে হবে);
- জাতীয় পরিচয়পত্রের কপি;
- শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি।

৪। এমতাবস্থায়, কারিগরি শিক্ষা অধিদপ্তরাদিীন প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকবৃন্দের মধ্যে উল্লিখিত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য বর্ণিত শর্ত সাপেক্ষে বিভিন্ন কোর্সে আবেদন আহ্বান করা হচ্ছে। বর্ণিত প্রশিক্ষণে ইচ্ছুক প্রার্থীদের <https://itecgoi.in> লিংকে গিয়ে আবেদন করার বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: কোর্সসমূহের তালিকা

২২/১১/২৩
(প্রকৌ. মোঃ আক্তারউজ্জামান)
পরিচালক (পরিচালনা ও উন্নয়ন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ (টিটিটিসি), তেজগাঁও, ঢাকা।
- অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (ভিটিটিআই), বগুড়া।
- অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সিলেট, ময়মনসিংহ, ফরিদপুর, বরিশাল)।
- অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)।
- অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (সকল)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা [পত্রটি ওয়েব সাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ]।
- মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।